ভোরের কাগজ

তারিখ ... 10 MAY 1998 ...
পৃষ্ঠা কলাম

### রাষ্ট্রপতির প্রতি মুহাম্মদ ইউনূসের আহ্বান

# শিক্ষাঙ্গন সন্ত্রাস মুক্ত রাখতে নৈতিক ক্ষমতা প্রয়োগ করুন

কাগজ প্রতিবেদক : গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মুহাম্মদ ইউনূস শিক্ষাঙ্গনকে স্থায়ীভাবে সন্ত্রাস এবং অশুভ রাজনীতি থেকে মুক্ত করার উদ্যোগ নেওয়ার জন্য রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, 'রাষ্ট্রপতি হিসেবে আপনার ক্ষমতা সীমিত হতে পারে। কিন্তু আপনার নৈতিক ক্ষমতা অপরিসীম।'

গতকাল শনিবার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের ৫০ বছর পূর্তি উদযাপন অনুষ্ঠানের সমাপনী অধিবেশনে তিনি বিশেষ অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, শিক্ষার উচ্চ পর্যায়ে সন্ত্রাস শিক্ষাঙ্গনগুলোকে যে অবস্থায় নিয়ে গেছে তাতে মনে হচ্ছে আমাদের আশার চারাগাছগুলোকে আমরা ইচ্ছা করেই উপড়ে ফেলে দিতে বদ্ধপরিকর হয়েছি। রাষ্ট্রপতি সকল রাজনৈতিক দলের কাছে স্পষ্ট ভাষায় বিষয়টি বারবার তুলে ধরেছেন। কিন্তু এতে পরিস্থিতির কোনো উনিশ-বিশ হচ্ছে বলে মনে হচ্ছে না। মুহাম্মদ ইউনূস তার বক্তৃতায় আগামী ৫০ বছর পর প্রযুক্তিগত বিকাশের কারণে বিশ্বব্যবস্থায় যে পরিবর্তন আসবে তার সঙ্গে তাল মিলিয়ে চলতে গেলে বাংলাদেশের কি করতে হবে তার একটি রূপরেখা দেন।

তিনি বলেন, ৫০ বছরের দীর্ঘ পথের দুর্গম অংশটি এখন আমরা অতিক্রম করছি। সর্বক্ষেত্রেই হতাশার কথা শুনছি। দেশের নেতারা পরস্পর পরস্পরের সম্পর্কে এমন সব কথা বলেন যা শুনলে কিছুর উপরেই আর ভরসা করতে ইচ্ছে করে না। রাজনীতির প্রতিযোগিতা কর্মসূচির প্রতিযোগিতা না হয়ে একে অপরকে ছোট করার প্রতিযোগিতায় পরিণত হয়েছে। আর এ কারণেই হতাশা দেখা দিয়েছে।

মুহাম্মদ ইউনূস শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার জন্য রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীনের বক্তব্যের প্রতি সমর্থন জানিয়ে বলেন, যে সকল রাজনৈতিক দল তরুণদের হাতে অস্ত্র তুলে দিচ্ছে তাদেরকে এই সর্বনাশা খেলা থেকে ফেরানোর মতো সুবুদ্ধিসম্পন্ন, দূরদৃষ্টিসম্পন্ন নেতাকর্মী কি ঐ রাজনৈতিক দলগুলোর মধ্যে নেই।

তিনি রাষ্ট্রপতির প্রতি আবেদন রেখে বলেন, 'আপনি শিক্ষাঙ্গনকে স্থায়ীভাবে সন্ত্রাস এবং অশুভ রাজনীতি থেকে মুক্ত করার উদ্যোগ নিন। রাষ্ট্রপতি হিসেবে আপনার ক্ষমতা সীমিত হতে পারে কিন্তু আপনার নৈতিক ক্ষমতা অপরিসীম। জাতির স্বার্থে এ ক্ষমতা ব্যবহার করুন। কিভাবে এ প্রক্রিয়া শুরু করা যায় তার জন্য বিভিন্ন মত ও পেশার মানুষের মতামত নিন। সাপ-লুডু খেলার বিরাট সাপের মুখ থেকে জাতিকে রক্ষা করুন।